



ক্লাউদিও দামিয়ানির কবিতার বাংলা অনুবাদ ,  
অনুবাদ করেছেন অমৃতা চৌধুরী ।

Ogni istante ha un peso d'oro ,  
Mi sembra incredibile che siano - pur vicini -  
Cosi tanti .  
So che moriro` , eppure so anche  
Che posso fermarmi , e vivere  
Un po' di questi istanti felici .  
Posso sedermi un momento qui  
A respirare ,  
Posso captare le note  
E ascoltare una dopo l'altra  
E stupirmi dell'ordine incredibile ,  
Posso soffrire , posso far entrare  
La sofferenza in questa quiete , posso sanguinare ,  
E tuttavia restare , restare fermo seduto  
Lasciandomi trasportare.

(Attorno al fuoco, Avagliano, 2006)

প্রত্যেক মুহূর্তের দাম সোনার মতই দামী ,  
আমার ভাবতে অদ্ভুত লাগে  
যে এইসব মুহূর্তেরা সংখ্যায় অগুনতি ,  
আর তারা প্রত্যেকে একে অপরের কত কাছের ।  
আমি জানি যে একদিন মারা যাবো আর সব থেমে যাবে ।  
তাও তো বাঁচার জন্য কিছু আনন্দ মুহূর্ত থেকেও যাবে ,  
এইখানে কিছুক্ষণের জন্য বসে আমি শ্বাস তো নিতেই পারি  
আমি বুঝে গেছি সেই স্বরলিপি  
আর তার সুর আমি একের পর এক শুনতে পাচ্ছি ।  
যা আমায় বিস্মিত করছে বারে বারে ,  
আমি কষ্ট পাচ্ছি ,  
বারে বারে ঢুকে পরছি , আর জীবনের এই শান্তির মাঝেও  
দুঃখকে উপলব্ধি করছি , আমি রক্তাক্ত হচ্ছি ,  
সারাজীবন অপেক্ষা করছি আমি ,  
অপেক্ষা করছি স্থির হয়ে বসে  
নিজেকে বয়ে যেতে দিয়েছি বলে ॥

অনুবাদ- অমৃতা চৌধুরী ।

Cielo , metto l'orecchio a terra  
E ti sento , come sei azzurro oggi  
Sento I tuoi silenzi e I tuoi moti

E il tuo muoverti come un bimbo  
Nella pancia della mamma .

(Attorno al fuoco, Avagliano, 2006)

আমি মাটিতে কান পেতেছি আকাশ ,  
শুধু তোমায় বোঝার জন্য ,  
তুমি যে আজ নীলাশ্বরী ,  
আমি অনুভব করতে পারছি তোমার নিস্তরুতা  
আমি বুঝতে পারছি তোমার গতিবিধি ,  
তোমার চলাচল ঠিক যেন এক অলুঃসন্না মায়ের  
পেটের ভেতরে থাকা বাচ্চার মতোই হে আকাশ ॥

অনুবাদ - অমৃতা চৌধুরী ॥

Come ci andiamo incontro alla vita ,  
Come il piccolino non ancora nato  
Venuto dal cielo ,  
Dieci minuti fa non avevo ancora telefonato  
E non avevo ancora parlato con Domitilla ,  
Adesso il treno va , e scorrono I palazzo della citta` ,  
E ancora vita e` piu` in la` , che mi aspetta ,  
E noi andiamo , come su un binario ,  
Come il piccolino che non e` ancora nato ,  
E oggi batteva nella pancia della mamma  
E si rigirava come per trovare

Una posizione piu` comoda .

(Attorno al fuoco, Avagliano, 2006)

আমরা যেভাবে এগিয়ে চলি  
জীবনের সাথে মুখোমুখি হতে ,  
যেমন করে এক শিশু , যার এখনো জন্মই হয়নি  
সে আকাশ থেকে আসে ।  
দশ মিনিট আগেও আমি তখনো ফোন করিনি ,  
আমি তখনো কথা বলিনি দোমিতিল্লার সাথে ,  
এখন ট্রেন চলেছে ,  
বাড়ীঘরগুলো শহরের মধ্যে দিয়ে ছুটে চলেছে ,  
এখনো জীবনের বেশীটাই ওপাড়ে রয়ে গেছে  
যা অপেক্ষা করে রয়েছে আমারই জন্য ,  
আমরা এগিয়ে যাব ঠিক এক প্ল্যাটফর্ম ধরে  
ঠিক এক ছোট শিশুর মতো যে জন্মের আগেই  
মায়ের পেটে আওয়াজ তোলে  
যেন সে বারবার ঘুরে ঘুরে  
তার সঠিক অবস্থান খুঁজে চলে ॥

অনুবাদ – অমৃতা চৌধুরী ।

lo so solo stare solo

In questo giardino ,

So ascoltare gli uccelli sui rami

E i ronzii degli insetti attenti ,  
So sentire l'erba che cresce  
E la stagione che avanza ,  
So sentire quanto tempo e` passato  
E quanto ancora ne` dovra` passare ,  
So vedere come e` pulita la ghiaia  
Nonostante quello che e` successo ,  
So sentire I tuoi passi che si avvicinano  
Di bambina e di donna , che non fanno rumore ,  
So sentire la mia famiglia spezzata  
Tagliata con un' accetta  
Poi rinata come I getti ai piedi dei tronchi ,  
Come le code delle lucertole .

(Attorno al fuoco, Avagliano, 2006)

আমি শুধু একা থাকতেই জানি  
এই বাগানে ,  
আমি জানি কেমন করে শোনা যায় গাছের ডালে  
পাখিদের কলতান , পোকাদের সশব্দ উপস্থিতি ...  
আমি জানি কেমন করে বোঝা যায়  
ঘাসেদের বেড়ে ওঠা  
আর ঋতুর পরিবর্তন ।  
আমি জানি কতটা সময় পেড়িয়ে এসেছি আমরা  
আর কতটা পেরোনো বাকী  
আমি জানি কেমন করে

একটা পরিষ্কার নুড়ি দেখতে পাওয়া যায় ,  
যদিও ঘটে গেছে যা ঘটে যাবার  
আমি জানি কেমন করে বুঝতে হয়  
বাচ্চা বা রমণীর নিঃশব্দ পদচারণায় এগিয়ে আসা ।  
আমি জানি কেমন করে বোঝা যায়  
পরিবারের ভাঙ্গন ধরা  
আর অনিয়মিতভাবে তাদের ছড়িয়ে পড়া ।  
আবার আমি এও জানি কিভাবে সেই  
কাণ্ড থেকে শাখাপ্রশাখার নতুন জন্ম হয়  
ঠিক এক টিকটিকির লেজের মতোই ॥

অনুবাদ - অমৃতা চৌধুরী ।

Cammino . A un certo punto mi fermo .  
Mi siedo su un muretto sotto un albero .  
Vorrei stare fermo , stare fermo un momento  
Anche se so che il tempo non si ferma .  
Fermati un momento , dico al tempo ,  
Perché , non ho ancora capito ,  
Perché vorrei riflettere .  
Perché vorrei soltanto addormentarmi e dimenticare ,  
Perché vorrei mettermi a giocare come un bambino  
Con la terra e con l'erba ,  
Vorrei montare sulla mia bicicletta  
n.14 e pedalare tra le case ,

e se le case crollano  
Non le vorrei vedere  
Vorrei voltarmi dall'altra parte  
E non vedere .

(Attorno al fuoco, Avagliano, 2006)

হেঁটে চলেছি । হঠাৎ একটা সময় থেমে গেলাম আমি  
আমি বসে পড়লাম এক গাছের তলায়  
ছোট এক পাঁচিলের ওপর ।  
আমি থেমে থাকতে চাই ,  
থেমে থাকতে চাই এক মুহূর্ত ।  
যদিও আমি জানি যে সময় থেমে থাকবেনা  
সময়কে বলি এক মুহূর্ত থামো তুমি  
কারণ এখনো আমি বুঝিনি  
কেন তুমি ফিরে আসতে চাও  
আমিতো শুধু ঘুমিয়ে পড়তে চাই  
আর ভুলে যেতে চাই  
কারণ আমি বাচ্চার মতো বসে খেলতে চাই  
মাটি আর ঘাসের সাথে ,  
আমি আমার চোদ নম্বর সাইকেলে বসে  
বাড়ীঘরের মধ্যে দিয়ে চালিয়ে যেতে চাই ,  
আর তাতে যদি বাড়ীগুলো ভেঙ্গে পড়ে  
আমি তার দিকে ফিরেও তাকাতে চাইনা

আমি তার দিকে মুখ ফিরিয়ে  
অন্যপ্রান্তে চলে যেতে চাই ।।

অনুবাদ - অমৃতা চৌধুরী

।।

Il calore del sole sul muro ,  
I mattoni che diventano caldi ,  
Il respiro dell' erba tra le crepe che cresce  
Lo scrocchiare delle pine , l'odore forte degli aghi ,  
Il cielo azzurro che brilla ,  
Il fresco tepore dell'ombra  
E questo vento leggero  
Che e` venuto improvviso  
E passa tra le tue e le mie guance  
E ci accarezza I capelli  
Sospingendoci come foglie  
Che si posano alla fine sul terreno .

(Attorno al fuoco, Avagliano, 2006)

সূর্যের উত্তাপ দেওয়াল জুড়ে  
ইন্টার শরীরও ক্রমশ উত্তপ্ত  
ফাটলের মধ্যে বেড়ে ওঠা ঘাসের নিঃশ্বাস  
পাইনের কাণ্ডে ভাস্পন , তীর গন্ধ আগষ্টের  
ঝকঝকে নীলচে আকাশ  
ছায়ার প্রথম ছুঁয়ে যাওয়া



এই মৃদুমন্দ বাতাসের হঠাৎ আসা ,  
বয়ে যাওয়া তোমার আমার গাল ছুঁয়ে  
চুলগুলোকে অবিন্যস্ত করে তোলা  
ঠিক ওই পাতাদের উড়িয়ে নিয়ে চলার মতো  
যেগুলো শেষমেশ ভূমিতে একত্রিত ॥

অনুবাদ- অমৃতা চৌধুরী ॥

C'è un' isola , dentro di lei una casa ,  
Nella casa un tavolo , con dei cesti sopra ,  
Si sente un suono come di telai ,  
Fili , rocchetti , forbici ,  
Tutto e` ordinato ,  
Ogni cosa e` posata con cura  
Come per sempre ,  
Si sente il canto di una donna ,  
Nella stanza un focolare arde  
Il fuoco e` allegro e scoppietta acceso  
Ma non senti rumore ,  
Senti invece il fruscio delle fronde  
E l'odore dei cipressi ,  
Il rumore lontano delle onde  
Nella sera che si avvicina .

(Attorno al fuoco, Avagliano, 2006)

একটা দ্বীপ আছে , যার মধ্যে একটা বাড়ীও আছে  
সেই বাড়ীর টেবিলের ওপর সাজানো আছে একটা ঝুড়ি ,  
সেখান থেকে কানে আসে

কোনো সেলাই কল চলার ঘড়ঘড় আওয়াজ  
গোটানো সুতো , কাঁচি সব গোছানোই আছে সেখানে  
সব জিনিসই সাজানো আছে অতি যত্নে ,  
সেখান থেকে ভেসে আসে কোনো এক নারীর গলায় গান  
আর ঘরে আছে এক ফায়ারপ্লেস যেখানে  
খুশীর আগুন জ্বলে ওঠে

ঝিকঝিক করে জ্বলতে থাকে সেই আগুন ,  
কিন্তু সেখান থেকে কোনো আওয়াজ শোনা যায়না ।  
শোনা যায় , শুধু সবুজ পাতায় জড়ানো  
গাছের ডালের হিসহিস শব্দ ,  
ভেসে আসে সাইপ্রাস গাছের গন্ধ ,  
দূরের ঢেউয়ের আওয়াজও আসে কানে ,  
বোঝা যায় সঙ্কে এগিয়ে আসছে ॥

অনুবাদ- অমৃতা চৌধুরী ॥

I fuochi ardono tra le macerie ,  
Ai lati delle strade sono ammucchiati I cadaveri .  
Nell'aria e` un odore insopportabile .  
Ricordo questi luoghi nel tempo della pace ,  
I paesi tranquilli , le feste col ballo in piazza  
I giochi , da bambini , fino a tardi nelle sere d'estate ,  
I sonni sull'erbe dopo pranzo

All'ombra di una quercia ,  
Le stradine piene di more e lamponi  
Nel fresco della mattina ,  
Nell'aria della sera che non imbruna .

(Attorno al fuoco, Avagliano, 2006)

আগুন জ্বলে ধ্বংসস্থাপে ,  
রাস্তার একধারে জমা হয় মৃতদেহের সারি ,  
বাতাসের গন্ধ অসহনীয় হয়ে ওঠে ।  
এখনো মনে পড়ে সেই শান্তির ছবি ।  
সেই শান্ত মফস্বল ,  
স্কোয়ারে উৎসবে নাচের প্রস্তুতি ,  
দুপুরে খাওয়ার পর ঘাসেদের ভাতঘুম ,  
ওকের ছায়া , রাস্তায় তুঁত গাছ  
ও নাম না জানা কোনো এক ফলের গাছের সারি ,  
ভোরের স্নিগ্ধতা ও সন্ধ্যের বাতাস  
যা এখনো ঘন অন্ধকারে ঢাকা পড়ে যায়নি ।

অনুবাদ - অমৃতা চৌধুরী

।।

E` una Guerra , come tutte le guerre , senza regole ,  
Ci si uccide a tradimento .  
E` una Guerra , come tutte le guerre , senza un motive ,

O e` un motive deciso dall'alto  
Che a noi , che combattiamo ,e` completamente oscuro .  
Forse una contesa dinastica , di successione , o una vendetta ,  
Forse tutto e` nato da un futile screzio ,  
Una questione di precedenza , di etichetta o simili .  
E noi combattiamo ogni giorno ,  
Ogni giorno siamo sul fronte .  
Quando torniamo a casa per un breve congedo  
La vita` ci sembra bellissima ,  
Assaporiamo ogni cosa con volutta` ,  
Poi ci sentiamo pero` come un amaro ,  
Un seme della Guerra anche la` ,  
E` allora che ci accorgiamo che il tempo e` scaduto ,  
Salutiamo ogni cosa , un saluto che e` un addio ,  
E ritorniamo a combattere .

*(Attorno al fuoco, Avagliano, 2006)*

অন্য সমস্ত যুদ্ধের মতোই এও এক যুদ্ধ  
যার কোনো নিয়ম নেই ,  
এ যুদ্ধে খুন করা হয় নিয়ম না মানলেই ।

অন্য সমস্ত যুদ্ধের মতোই এও এক যুদ্ধ  
যার কোনো কারণ নেই ।

এ যুদ্ধে কারণ পূর্বনির্দিষ্ট ওপরতলার মানুষদের থেকে ।  
আমরা যারা যুদ্ধ করছি ,

আমাদের কাছে এই যুদ্ধের কারণ সম্পূর্ণ অস্পষ্ট ।  
হয়তো বা রাজায় রাজায় যুদ্ধ হয়  
একে অপরের প্রতিশোধ নেয় ।  
হয়তো বা যুদ্ধের জন্মই হয় দুদলের মতানৈক্যে,  
অথবা কে এগিয়ে থাকে সেই প্রশ্নে,  
আমরা তবুও রোজ যুদ্ধ করি ,  
আমরা প্রতিদিন থাকি যুদ্ধক্ষেত্রে সামনের সারিতে ,  
যখন বাড়ী ফিরি কদিনের ছুটিতে ,  
জীবনকে বড় সুন্দর লাগে ,  
প্রতিটি আনন্দের মুহূর্তের স্বাদ নিই আমরা ,  
আর তার পরেই সবকিছু তেতো লাগে ,  
যুদ্ধের বীজ পোঁতা থাকে সেখানেও ,  
কারণ আমরা বুঝতে পারি ছুটির সময় শেষ ।  
সমস্ত কিছুকে অভিবাদন জানাই ,  
সবাইকে শুভেচ্ছা জানাই ।  
আর সেই অভিবাদন বার্তা আনে আমাদের বিদায়ের ,  
ফিরে যাই আবার নতুন যুদ্ধের আয়োজনে ॥

অনুবাদ- অমৃতা চৌধুরী ॥

Siamo come chi gioca  
Alla lotteria ,  
Abbiamo pochissime probabilita` di vincere  
Ma siamo pieni di speranze ,

Siamo come il pescatore .

Che spera di prendere un grosso pesce

Poi ne prende qualcuno piccolo

E si accontenta .

(Attorno al fuoco, Avagliano, 2006)

আমরা ঠিক যেন লটারির দোকানে খেলায় মত্ত ,

আমাদের জেতার সুযোগ খুব কম ,

কিন্তু আমাদের মন আশায় ভরপুর

আমরা ঠিক যেন এক একজন জেলে ,

যারা রোজ বড় মাছ ধরবার আশায় যায় ,

কিন্তু ফেরে কোনো এক ছোট মাছ ধরতে পেরে

আর তাতেই তারা খুশী হয়ে যায় ॥

অনুবাদ- অমৃতা চৌধুরী ॥

Quando io mi siedo qui , su questo muretto

Lungo il sentiero , non e` un punto particolare

Non c`e` una vista particolare

E` un punto qualsiasi , e io mi siedo ,

Sto un po' fermo e guardo le fronde degli alberi ,

Ornielli forse , con le foglioline piccole ,

Che mi stanno davanti , faggi anche, accanto a loro ,

E ascolto il loro silenzio , l'oscillare lieve delle foglie ,

Sento il silenzio del sentiero , della terra ,

Il muoversi impercettibile di ogni cosa , come un brulichio  
O un ronzio che diventa sempre piu` forte ,  
Come un mare , come una lava che bolle ,  
E io sono dentro questo cratere di fuoco  
Perfettamente calmo , come avessi una tuta  
Magica che mi protegge dal calore ,  
Dal rumore assordante , eppure sento questo silenzio ,  
Il muoversi impercettibile delle foglie ,  
Lo scorrere del tempo come lo scorrere  
D'un'acqua , d'un ruscello , d'una fonte  
Vicina e insieme lontana , che non sai dov'e` .

*(Attorno al fuoco, Avagliano, 2006)*

যখন আমি এখানে এসে বসি , ঠিক এই  
বিশাল জনপথের ছোট্ট দেওয়ালটার সামনে ...  
যেখান থেকে কিছুই প্রায় চোখে পড়েনা ,  
যেখান থেকে কোনো দৃশ্যই দৃশ্যমান হয়না  
তখন আমি যে কোনো এক বিন্দুতে  
চোখ রেখে দেখতে পাই  
আমি বসে আছি , কিছুক্ষণের জন্য আমার  
চলার গতিও থমকে গেছে ।  
আমি দেখতে পাচ্ছি আমার চোখের সামনে  
থাকা একটি গাছের ডালকে ...  
যা সবুজ কচি পাতায় এমনভাবে সেজেছে

যা দেখে মনে হচ্ছে যেন সে গয়না পরে আছে ।

এই গাছের পাশেই রয়েছে এক বিশাল বীচ গাছ ।

আমি এই দুই গাছের নিস্তরুতা উপভোগ করছি ।

তাদের পাতার দুলুনি উপভোগ করছি ।

আর এই বিশাল জনপথ আর মাটির

নিস্তরুতা অনুভব করছি ...

ঠিক তারই মাঝে মৌমাছির গুঞ্জন

আমার কানে আসছে যা ক্রমশ বেড়েই চলেছে ,

এই পৃথিবীর সমস্ত কিছুই যেন আস্তে আস্তে নড়ছে চড়ছে ,

ঠিক সমুদ্রের জলরাশির মতো , ঠিক গলন্ত লাভার মতো ,

শুধু আমি সেই স্বলন্ত আগ্নেয়গিরির মাঝে বসেও শান্ত ।

যেন মনে হয় কোনো এক অলৌকিকতা

আমায় এই তীব্র উত্তাপ সহনের শক্তি দিয়েছে ,

এই কানে তালা ধরানো আওয়াজ হওয়া সত্ত্বেও

আমি এখনো নিস্তরুতা অনুভব করতে পারছি ।

ঠিক যেন এই সময় জলস্রোতের মতো বয়ে চলেছে ,

সে বহতা নদী যেন আমার খুব কাছের

আবার একইসাথে বহুদূরেরও ...

কে জানে সে কোথায় চলেছে ॥

( অনুবাদ – অমৃতা চৌধুরী )

Camminiamo senza vedere

Tenendo le mani avanti ,



E` come se volassimo ,come delle foglie ,  
Lasciamo che il vento ci porti ,  
Non opponiamo alcuna resistenza  
Mentre ci porta , ascoltiamo il vento  
Come seduti davanti a un fuoco ,  
Come se avessimo mangiato e fossimo al sicuro  
E I nostri figli fossero con noi  
E tutti , tutti fossimo salvi .

(Attorno al fuoco, Avagliano, 2006)

না দেখে হেঁটে চলবো আমরা  
হাতগুলো বাড়িয়ে দেবো আগে ,  
ঠিক মনে হবে আমরা যেন উড়ে চলেছি ,  
ওই পাতাদের মতোই আমরা ছেড়ে দেবো নিজেদের  
বাতাসের হাতে যে আমাদের নিয়ে যাবে ।  
বাধার আগে মাথা নোয়াবোনা ,  
যখন আমাদের নিয়ে যাবে , বাতাসের শব্দ শুনবো আমরা  
ঠিক আগুনের সামনে স্থির হয়ে বসে থাকার মতো ,  
ঠিক মনে হবে আমরা  
ও আমাদের ছেলেমেয়েরা খাওয়াদাওয়া সেরে ,  
আমাদের সাথেই আছে  
আর আমরা সবাই বেঁচে আছি , সবাই ॥

অনুবাদ - অমৃতা চৌধুরী

Così la strada ancora va , una volta  
E ancora andrà , per sempre .  
In alcuni punti è franata , non importa ,  
Si crea un sentiero più piccolo  
Che ricollega i punti .  
Così la strada va fra le pietre , sola ,  
E sembra quasi scolpita  
Da uno scalpello attento ,  
E come una statua sta ferma  
E ti guarda stupita  
E prima di una curva ha un' espressione  
E dopo la curva un'altra .

*(Il fico sulla fortezza, Fazi, 2012)*

এইভাবেই রাস্তা চলেছে , আরো একবার ,  
সে আরো এগিয়ে চলেছে বারবার  
কয়েকটা বিন্দুতে এসে যেন সে পিছলে পড়েছে ,  
তবে তাতে কিছু যায় আসেনা রাস্তার ,  
বিন্দুগুলো জোড়া লেগে লেগে একটা  
ছোট পথ যে তৈরী হয়েই আছে ,  
এইভাবেই রাস্তা পাথরের মধ্যে দিয়ে  
পথ খুঁজে চলেছে একা ,  
দেখে যেন মনে হয় কোনো শাণিত ছেনি

খোদাই করেছে এই রাস্তার মুখ ,  
ঠিক এক স্থির মূর্তির মতোই  
সে যেন তোমায় অবাক চোখে দেখছে ,  
আর তার বাঁক নেওয়ার আগের অভিব্যক্তি  
ও বাঁকের পরের অভিব্যক্তি বদলে যাচ্ছে বারে বারে ।।

অনুবাদ - অমৃতা চৌধুরী

Il fico sulla fortezza  
Ha vita molto precaria  
Perche` quando faranno I restauri  
Sara` certamente tagliato .  
Pero` sta tranquillo sotto la luce del sole  
Distendendo il suo ampio mantello  
Disuguale , incurante dell'estetica ,  
Se ne frega di stare cosi in alto  
Non soffre di vertigini  
Si lascia accarezzare  
Dalla luce e dalle brezze tiepide  
Sente la nebbia , sente gli uccelli  
Che parlottano tra I suoi rami .

(Il fico sulla fortezza, Fazi, 2012)

জীবন অনিশ্চিত , দুর্গের গায়ের ডুমুরগাছটির,  
দুর্গ ভেঙ্গে গড়বে , গাছটিও নিশ্চই কাটা পড়বে  
তবু সে মনের সুখে সূর্যের আলোর তলায়  
তার বিশাল আকারের ছোট বড়  
ডালপালা মেলে দাঁড়িয়ে আছে ।  
বাইরের সৌন্দর্যে উদাসীন হয়ে ।  
ওত উঁচুতে থাকতে তার কিছু যায় আসেনা ,  
তার মাথা উঁচুতে থেকেও ঘুরে যায়না ।  
পরম নিশ্চিন্তে সে নিজেকে মেলে রেখেছে ,  
ইশদুষ্ক মৃদুমন্দ বাতাস আর মিঠে রোদের আদর খেতে ।  
সে শুনতে পায় তার ডালে বসা পাখীদের মৃদু কলতান ,  
সে বুঝতে পারে কুয়াশার চাদরের অদ্ভুত অনুভূতি ॥

অনুবাদ -

অমৃতা চৌধুরী

E` la sofferenza che ho dietro  
Che mi pesa ,  
E` quella che ho alle spalle .  
Tanti anni di prigionia  
E di stenti ,  
La mia giovinezza passata  
A pensare senza capire  
E le persecuzioni

La vita sempre nascosto .  
Ho vissuto troppo tempo  
In poverta`  
Togliendomi troppo spesso le scarpe  
Per non consumarle ,  
E anche adesso che sono ricco  
La cinta dei miei pantaloni  
E` un pezzo di corda vecchia .

*(Il fico sulla fortezza, Fazi, 2012)*

জীবনের পিছনে ফেলে আসা যন্ত্রণারা  
এখনো আমার জীবনটাকে ভারী করে তোলে ,  
আমার কাঁধে ভর করে থাকে বহুবছরের  
কারারুদ্ধ জীবন আর সমস্যারা ,  
যৌবন আমার কেটে গেছে চিন্তায়, ভাবনায়  
কিছু বুঝে ওঠার আগেই , নির্যাতন সহ্য করে ।  
সত্যি জীবন আমার কাছে ছিল অবগুণ্ঠনময়ী ।  
বহুবছর ধরে আমি সহ্য করেছি দারিদ্র্য ,  
প্রায়শই জুতো খুলে নিয়েছি হাতে ভোগ করবোনা বলে ,  
আজ এখন যখন আমি ধনী তখনও প্যান্টের বেল্টকে আষ্টেপুষ্টে জড়িয়ে রেখেছে আমার  
একটুকরো অতীত ॥

অনুবাদ - অমৃতা চৌধুরী ।

Questo monte e` cosi`

E voi anche , alberi e piante  
Siete così`  
E anche voi, alter famiglie viventi  
E voi sassi , minerali , sabbie  
Siete tutti fatti in un certo modo  
Ma ognuno di voi e` diverso  
E diversi erano I vostri padri  
E state qui in questo monte  
Che anche lui ora e` diverso  
Da un momento fa  
Ma e` sempre lui , e` sempre il monte ,  
Che non potrebbe essere se stesso  
Senza di voi  
E senza di me ,  
Infatti noi siamo tutti insieme  
E non potremmo essere diversi  
Da cio` che siamo , e ci teniamo per mano  
E io amo pensare al monte come monte  
E agli alberi come alberi  
E non so staccarmi dalla loro bellezza  
E la loro bellezza mi nutre come l'aria  
Come I Sali minerali nutrono le piante ,  
La loro bellezza si fissa in me  
Come si fissano le sostanze chimiche  
Nelle piante .

*(Il fico sulla fortezza, Fazi, 2012)*

এই পাহাড়টা ঠিক এইরকম

আর তোমরা গাছগাছালি , পাতার দল

তোমরাও সবাই এইরকম

প্রাণের স্পন্দন নিয়ে বেঁচে থাকা পরিবার

তোমরাও ঠিক এইরকমই

নুড়ি , পাথর , খনিজ বা বালি

তোমরা সবাই এক নির্দিষ্ট নিয়মে তৈরী হয়েছো যেন

তবু তোমরা প্রত্যেকে আলাদা , প্রত্যেকে স্বতন্ত্র

আর তোমাদের বাবারা তারাও প্রত্যেকে

একে অন্যের থেকে ভিন্ন ।

তোমরা সবাই রয়েছো এই পাহাড়ে

তাই আজ পাহাড়ও হয়েছে ভিন্ন

কয়েক মুহূর্ত আগেও সে ছিল

সে মানে সেই পাহাড়টা

সবসময়ের জন্য সে এখানেই ছিল ।

তবে পাহাড়টা পাহাড়ই হয়ে উঠতোনা

যদিনা তোমরা থাকতে , যদিনা আমি থাকতাম ,

তাইতো আমরা সবাই একইসাথে একইরকম

আমরা চেষ্টা করলেও ভিন্ন হতে পারিনা

আমরা আছি , হাতে হাত মিলিয়ে

আর আমি পাহাড়কে পাহাড়

গাছকে গাছ ভাবতেই ভালোবাসি ,

আমি তো তাদের সৌন্দর্য থেকে

নিজেকে আলাদা করতে পারিনা ,  
তাইতো তাদের রূপের পরশ  
আমায় বাতাসের মতো পুষ্ট করে  
ঠিক যেভাবে লবণ , খনিজ গাছের পাতাদের ,  
তোমাদের এই সৌন্দর্যই তো  
আমার বুকে বেঁধেছে বাসা  
যেভাবে বাঁধে বাসা  
রাসায়নিক পাতার ভেতর ॥

অনুবাদ- অমৃতা চৌধুরী ।

Cara poesia , se tu vuoi venire vieni ,  
Se non vuoi venire non vieni ,  
Fa' come fossi a casa tua ,  
Con me devi fare così` ;  
Solo , non posso io non venire qui  
Monte , e non posso non ammirare le tue spalle  
E non posso non respirare , qui , la tua aria  
Che mi nutre e senza la quale  
Non potrei vivere ,  
Non posso non respirare I tuoi colori  
Che ti circondano , come vestiti  
Sempre diversi ,  
E sentire l'odore delle tue piante , e della tua terra ,  
E con la mano sentire calda



La tua pietra , come la testa d'un bimbo .

(*Il fico sulla fortezza*, Fazi, 2012)

ও আমার কবিতা , যদি তুমি আসতে চাও এসো ,  
না আসতে চাও না এসো .....

আমার সাথে তুমি এমনটাই করো কবিতা ,  
কিন্তু আমি যে তোমার কাছে না গিয়ে পারবোনা !

কবিতা তুমি যেন এক পর্বত , আমি তোমার কাঁধে  
না চড়ে যে থাকতে পারবোনা .....

আমি নিঃশ্বাস না নিয়ে যে থাকতে পারিনা কবিতা ,

তোমার বাতাস আমায় পুষ্ট করে ,  
যা ছাড়া আমি বাঁচতে পারবোনা ।

আমি তোমায় ঘিরে থাকা রঙের মাঝেই  
নিঃশ্বাস নিতে চাই , তোমার এই রঙ দেখে  
মনে হয় তুমি নানা রঙের পোশাক পরো কবিতা ।

আমি তোমার গাছের গন্ধ পাই ,  
আমি তোমার মাটির গন্ধ পাই ,  
আর তোমার পাথরকে স্পর্শ করলে  
ছোট্ট শিশুর মাথার মতোই উষ্ণ লাগে কবিতা  
ও আমার কবিতা ॥

Questo passaggio delle nuvole  
Mi mancherà?  
Infatti voi , nuvole care ,  
Anche se mi oscurate il sole ,  
Anche se ,gravide di pioggia ,  
Negre e livide siete ,  
Sempre a me care venite .  
E` come quando si ripensa  
A come , bambini , percepivamo qualcosa ,  
Ci si allarga il cuore e una nuvola  
Nera di mister riposa  
Sul nostro capo .  
O una nuvola Bianca ci segue  
Quando camminavamo , bambini ,  
Su una piccola strada Bianca  
C'è un cane che a noi si avvicina ,  
Quanta meraviglia al vederci !  
Agita la coda contento  
E noi lo accarezziamo sul capo ,  
E lo guardiamo a lungo negli occhi .

*(Il fico sulla fortezza, Fazi, 2012)*

এই যে মেঘদের চলে যাওয়া

আমি কি মনে রাখবো ?

যদিও তোমরা আমার ভীষণ প্রিয়

তবু সূর্যকে আচ্ছন্ন করে

অন্ধকার করে তোলো তোমরাই

তবু তোমরাই বৃষ্টির অপর নাম,

তোমাদের রঙ কালোই হোক বা নীল

আমার কাছে তোমরা দুজনেই সমান প্রিয় ,

ঠিক যেমন মানুষ যখন চিন্তা করে ,

ঠিক যেমন বাচ্চারা যখন কোনোকিছু বুঝতে পারে ,

তখন তাদের হৃদয় প্রসারিত হয় ,

আর একটুকরো রহস্যময়ী কালো মেঘ

তার মাথার ওপর বিশ্রাম করতে থাকে ।

অথবা সাদা মেঘের ভেলা আমাদের পিছু নেয় ।

যখন আমরা ও শিশুরা ,

একটুকরো সাদা রাস্তা ধরে এগিয়ে চলি ,

একটা কুকুর আমাদের দিকে এগিয়ে আসে ,

কি যে আনন্দ হয় তাকে দেখে

সে তোমায় কি করে বলি ,

কুকুরটি আনন্দে উত্তেজনায়

ল্যাজ নাড়তে থাকতে ক্রমাগত,

আমরা তাকে আদর করি মাথায় হাত বুলিয়ে ,

আর তার চোখে চোখ রেখে

কাটতে থাকে দীর্ঘসময় ॥

অনুবাদ - অমৃতা চৌধুরী

Era una mattina che la luce  
Brillava ma come scottava  
Sulla pelle ,e non c'era la salute ,  
Camminavo ma molto a fatica  
E mi sono seduto  
Un momento .  
Non so se e` la salute  
Che mi manca , o e` che sono stanco  
Di vivere . Non mi va di intraprendere  
Ecco , vorrei restare qua e basta ---  
Vorrei consumarmi senza più vivere ,  
Ed ecco che dei passerotti  
Becchettavano fra I sassi ,  
Uno ha alzato il capo ,e mi ha detto.  
“ Noi non intraprendiamo ,  
Saltelliamo e mangiamo  
Anche noi siamo un po` stanchi  
Ma andiamo avanti lo stesso  
Cerchiamo di stare uniti  
E ci aiutiamo l'un l'altro  
La gioia e` in questo stare insieme  
E accontentarsi di poco .”

*(Il fico sulla fortezza, Fazi, 2012)*

সে এক দিন ছিলো যখন  
চারদিক রোদে ঝলমল করছিল আর তার  
সাথেই শরীরের চামড়া যেন পুড়িয়ে দিচ্ছিল  
শরীর যেন শরীরে ছিলনা আর ।  
হাঁটছিলাম খুব কষ্ট করে ,  
মুহূর্তের জন্য বসে পড়েছিলাম ।  
বুঝতে পারছিলামনা আমার স্বাস্থ্য আমি হারিয়েছি  
নাকি আমি বেঁচে থাকার ভারে ক্লান্ত ।  
আমার আর নতুন করে যাত্রা করার ক্ষমতা ছিলনা ,  
আমি সেখানেই বসে থাকতে চেয়েছিলাম,  
আর কিছুই চায়নিতো ।  
আমি বেঁচে না থেকে নিঃশেষিত হতে চেয়েছিলাম ,  
ঠিক সেইসময় একঝাঁক চড়াই  
পাথর ঠোকরাতে ব্যস্ত ছিল ...  
একটি চড়াই তার ব্যস্ততার মাঝেও মাথা তুলে  
আমায় বললো ---- “ আমরা ফুরিয়ে যাইনা ,  
আমরা লাফিয়ে ঝাঁপিয়ে খেয়ে বেড়াই ।  
আমরাও একটু ক্লান্ত হই ,  
তবু আমরা এগিয়ে চলি , খেমে থাকিনা ,  
আমরা একসাথে থাকার চেষ্টা করি  
আর একে অন্যকে সাহায্যের হাত বাড়িয়ে দিই ।  
আনন্দ তো এই একসাথে থাকার মাঝেই

আর তার মাঝেই তো বাঁচার সার্থকতা । “

( অনুবাদ – অমৃতা

চৌধুরী )

Dolce cielo celeste  
Dipinto di azzurro tenero  
E voi Verdi monti e voi  
Valli e boschi , nuvole  
Che la` , verso l'orizzonte  
Navigate lente , e tu sole vicino  
Al tramonto che spandi questa luce  
D'oro nell'aria , e ogni cosa fai tiepida  
Del tuo calore , e tu aria che muovi  
I miei capelli e spiri sulle mie  
Guance e le pagine volti dispettosa  
Del quaderno ove scrivo ....  
State insieme , vi date come la mano  
Contenti di essere uniti ,  
Di essere l'uno all'altro  
Indispensabili , di essere insieme  
Questo miracolo che vedo .

*Cieli celesti, Fazi, 2016*

ও মিষ্টি নীলচে আকাশ

তোমার আকাশরঙে ডুবিয়ে তুলি  
কেউ যেন ছবি আঁকছে ,  
আর তোমরা সবুজরঙা পাহাড় , উপত্যকা ,  
ঝোপঝাড় আর আকাশের মেঘের দল ,  
তোমরা ধীরে ধীরে ভেসে চলেছো দিকচক্রবালে ।  
অস্তুগামী সূর্য তুমিও তো আছো এদেরই মাঝে ,  
ঢেলে দিচ্ছো তোমার অফুরন্ত আলো  
যা বাতাসকে নতুন সোনারঙে রাঙিয়ে তুলছে ।  
শুধু কি তাই , তোমার উত্তাপে আজ  
পৃথিবীর সমস্ত কিছু উত্তপ্ত ।  
সাথে আছো তুমিও বয়ে চলা বাতাস  
তোমার হাওয়ায় আমার চুলগুলো  
উড়ে এসে গলে পড়ছে ,  
আর খাতার খোলা পাতাগুলো  
যেখানে আমি লিখি  
তোমরা একসাথে জোট বেঁধেছো যেন ,  
তোমরা যেন একে অপরের সাথে  
জোট বাঁধাতেই আনন্দ পাও  
তোমরা একের থেকে অন্য অভিন্ন ।  
তোমাদের সাথে একসাথে থাকতে থাকতেই  
আমি তাই এই অলৌকিকতা স্পষ্ট দেখতে পাই ॥

অনুবাদ - অমৃতা

চৌধুরী ॥